দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 FEB 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

180

৩

# ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সাংস্কৃতিক কর্মকাণ্ড জোরদার করার আহ্বান

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শনিবার) বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগি

(শেষ পৃ:৫ এর ক: দ্র:)

## ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ

(১ম পৃ: পর)

তার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তাগণ ক্যাম্পাসে বিরাজমান সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সাহিত্য ও সাংস্কৃতিক কর্মকাণ্ডকে আরও জোরদার করার আহ্বান জানাইয়াছেন।

হল ছাত্র সংসদ আয়োজিত এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা প্রধান অতিথি এবং ইত্তেফাক ও নিউ নেশনের সম্পাদক মণ্ডলীর সভাপতি ব্যারিষ্টার মইনুল হোসেন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। হলের প্রভোষ্ট প্রফেসর জিয়া উদ্দিন আহমেদ সভাপতিত্ব করেন। হলের আবাসিক শিক্ষক প্রফেসর সৈয়দ আনোয়ারুল হক, হল সংসদের কোষাধ্যক্ষ প্রফেসর ডঃ সৈয়দ মাসুদ হোসেন, সাহিত্য সম্পাদক জামাল আকন্দ, নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইফুল ইসলাম নীরু অনুষ্ঠানে বক্তৃতা করেন।

ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, বিশ্ববিদ্যালয়ের জন্মলগ্ন হইতে লেখাপড়ার পাশাপাশি সাহিত্য, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডকে উৎসাহিত করা হইতেছে। ইহার একমাত্র কারণ ছাত্র-ছাত্রীদের প্রতিভার মননশীল বিকাশ ঘটানো এবং ছাত্র-শিক্ষকদের মধ্যে সু-সম্পর্কের পরিবেশ সৃষ্টি করা। তিনি সাহিত্য ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের অতীত ঐতিহ্য সমুন্নত রাখার জন্য ছাত্র-ছাত্রীদের পরামর্শ দেন।